Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চাৰ্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা আষাঢ় বুধবার ১৩৬৬ ইংরাজী 17th June. 1959 { ৫ম সংখ্যা




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

**আরতির**

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

**কুমারেশ**

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা আষাঢ় বুধবার সন ১৩৬৬ সাল।

# তুই খাস্ ভাঁড়ে জল
# মুই খাই ঘাটে,
# তোর দুখ দেখে দাদা
# মোর বুক ফাটে।

—•—

আজ ১২ বৎসর প্রায় গত হ'তে চল্‌লো, ১৯৪৭ খৃষ্টাব্দের ১৫ই আগষ্ট অভাগিনী ভারতমাতা ইংরাজের অধীনতা শৃঙ্খল মুক্ত হ'য়ে দুইটি স্বাধীন যমজ সন্তান প্রসব করলেন শোনা গেল। 'মা-টি' আমাদের মাটি বলিয়া দ্বিখণ্ডিতা হইয়াও তাঁর অস্তিত্ব লোপ হয় নাই। একাংশের নাম হলো "ভারত ইউনিয়ন" অপরাংশের নাম হলো "পাকিস্তান"।

দেশে সাধারণ লোক সাধারণ বুদ্ধিতে বলে যমজ সন্তানের একটির যে ব্যাধি হয়, অপরটিও সেই ব্যাধিগ্রস্ত হয়ে থাকে। ভারত ইউনিয়নে দুর্নীতির আধিক্যে এখানে দীন কাঙ্গালের বাস করা দুঃসাধ্য হয়ে উঠেছে। গত সপ্তাহে আমরা পশ্চিম বঙ্গের রাজধানী কলিকাতার উপকণ্ঠবর্ত্তী বেহালার সরকারী চালের গুদাম হতে দু'হাজার মণ চাউল যে সব পুলিশের উপর রক্ষা করার ভার ছিল, তারা তা পাচার করেছে। এনফোর্সমেন্ট এবং দুর্নীতি দমন পুলিশ তাদের গ্রেপ্তার করেছে। বড় বড় কাগজে এই সব ভক্ষকরূপী রক্ষকদের নাম প্রকাশ করেছে। আমরা নাম দিতে ভয় করি। কারণ অনেকক্ষেত্রে দেখা গিয়েছে—সব চোর বেকসুর খালাস। যতদিন মামলার জন্য সসপেণ্ড ছিল, সব সময়ের জন্য কাজ না ক'রেও পূর্ণ বেতন পাইয়া যারা তাদের নাম ছেপেছে তাদের উপর সাদা অঙ্গে কালিমা দেওয়ার জন্য মানহানির ক্ষতিপূরণ আদায় করতে হকদার হ'লে মরে যাবার ভয়ে নাম ছাপতে বিরত থাকি। বড় বড় কাগজওয়ালারাও বাঙ্গালী বা অবাঙ্গালী বলিয়া আত্মরক্ষা করে।

ভালকথা—মুদ্রার ব্যাপারে ভারতের অর্থমন্ত্রী, মিঃ প্যাটেল, মিঃ কামাত, শ্রীবৈদ্যনাথন্ প্রভৃতিকে লইয়া তিন তিন বার তদন্তের ফিল্‌টার চলিল। এতদিন পরে ভারতের সর্ব্বশ্রেষ্ঠ বিচারালয় সুপ্রিম কোর্টের বিচারপতিরাও বিক্ষুব্ধ না হইয়া পারেন নাই। সুপ্রিম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি শ্রীসুধীরঞ্জন দাস পর্য্যন্ত ব্যাপার দেখিয়া বিস্মিত না হইয়া পারেন নাই। ভারত ইউনিয়নের ব্যাধি আরও কত আছে।

যমজ সন্তানের অপরটি পাকিস্তান। পাক মানে পবিত্র। এই স্থানটি পবিত্র বলিয়া ধর্ম্মপ্রাণ ইশ্লামগণ এমনি একটি পবিত্রস্থান আকাঙ্ক্ষা করিয়া স্বাধীনতার পূর্ব্বে "লড়কে লেঙ্গে পাকিস্তান" বলিয়া চীৎকার করিয়া শোভাযাত্রা করিয়া পথে পথে ভ্রমণ করিতে ক্লান্তি বোধ করিতেন না। আজ তাঁহারা যা পাইয়াছেন তা দেখিয়া স্তম্ভিত ও ভীত হইয়াছেন। এই পাকস্তানের টাটকা খবর শুনুন—

## পাকিস্তানে দুর্নীতি ও অযোগ্যতার দায়ে ১১২ জন গেজেটেড অফিসার দণ্ডিত

ঢাকা, ১২ই জুন—সরকারী কর্মচারীদের কর্ম-দক্ষতা ও আচরণ তদন্তের জন্য গঠিত পরীক্ষা কমিটির সুপারিশের ভিত্তিতে পাকিস্তান সরকার পূর্ব পাকিস্তানের ১১২ জন গেজেটেড অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। পাকিস্তান সরকারের বর্তমান সংখ্যার গেজেটে এই সব অফিসারদের নাম প্রকাশ করা হইয়াছে। তাহাতে দেখা যায় যে, এই সব অফিসারদের দুর্নীতি, অযোগ্যতা এবং অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হইয়াছে। এই সব অফিসারদের ২০ জনকে বরখাস্ত অথবা চাকুরী হইতে অপসারিত, ৭৯ জনকে অবসর গ্রহণে বাধ্য করা হইয়াছে এবং ১৩ জনের পদাবনতি ঘটিয়াছে। ইঁহাদের মধ্যে একজন অতিরিক্ত জেলা ও দায়রা জজ, একজন সাবজজ, একজন ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর (ইনি বর্তমানে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট হিসাবে কার্য করিতেছেন); ৪ জন পুলিশ ইন্সপেক্টর এবং ২ জন ইঞ্জিনীয়ার আছেন।

যাঁরা নিরীহ মানুষ, রাজনীতির পেশাদার নয়। দুটো মোটা ভাত ১ খানা মোটা কাপড় পরে খুসী থাকতে চান, এই দুই স্থানই পেশাদার লোক-সেবক বলে পরিচয় দেয় তারা **সেবক** নাম নিলেও **সে বক** ছাড়া কিছু নয়। বকের মত ধীরে ধীরে পা ফেলে চলে জ্যান্ত মাছ ধরে উদর পূরণ করে। পাকিস্তান ও ভারত ইউনিয়ন দুই স্থানই সরল লোকের পক্ষে বাসের অযোগ্য। উভয়ের নিজের দুঃখের কথা—

*তুই খাস্ ভাঁড়ে জল*
*মুই খাই ঘাটে,*
*তোর দুখ দেখে দাদা*
*মোর বুক ফাটে।*

——

## হলদে আনি ও আধ আনি

১৯৬০ সালের ১লা জানুয়ারী হইতে প্রত্যাহার

নয়াদিল্লী, ১৪ই জুন অর্থ মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, কেন্দ্রীয় সরকার ১৯৬০ সালের ১লা জানুয়ারী হইতে নিকেল ও পিতল মিশ্রিত এক আনি ও আধ আনি মুদ্রা (হলদে) প্রত্যাহার করিবেন।

ঐ তারিখ হইতে এই দুই শ্রেণীর মুদ্রা আর আইনসম্মত মুদ্রা বলিয়া গণ্য হইবে না; তবে ঐ সমুদয় ১৯৬০ সালের ৩০শে জুন পর্য্যন্ত সরকারী পাওনা পরিশোধের জন্য ও বিনিময়ের জন্য সাধারণের নিকট হইতে রিজার্ভ ব্যাঙ্কের সমস্ত অফিসে, রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার সমস্ত এজেন্সীতে, সমস্ত সরকারী ট্রেজারী ও সব ট্রেজারীতে লওয়া হইবে। রেলওয়ে এবং পোষ্ট অফিসেও ঐ দুই প্রকার মুদ্রা সরকারী পাওনা বাবদ দেওয়া চলিবে।

——

## বজ্রাঘাতে দুইটী বালকের মৃত্যু

গত ৭ই জুন বীরভূম জেলার দুবরাজপুরে অষ্টম বর্ষীয় শ্রীনীলমণি সূত্রধর ও দ্বাদশ বর্ষীয় শ্রীভক্তি সূত্রধর নামক দুইটী বালকের বজ্রাঘাতে মৃত্যু হইয়াছে। বালক দুইটী তাহাদের বৃদ্ধা পালিতা মাতাকে ভাত খাওয়াইয়া এক সঙ্গে ছাতা মাথায় দিয়া বাড়ী ফিরিতেছিল। পথিমধ্যে অল্প বৃষ্টির সহিত বজ্রপাত হওয়ায় বালক দুইটীর মৃত্যু হয়।

'বীরভূম-বার্ত্তা'

---

## পঞ্চায়েৎ নির্ব্বাচনে মহিলা

বর্দ্ধমান জেলার কয়েকটী ব্লকের পঞ্চায়েৎ নির্ব্বাচন চল্‌ছে। ভাতাড় কেন্দ্র থেকে গত নির্ব্বাচনে বিধান সভায় একজন মহিলা নির্ব্বাচিত হয়েছেন। এবার পঞ্চায়েৎ নির্ব্বাচন দ্বন্দ্বে বহু মহিলা ঐ কেন্দ্রে অবতীর্ণা হ'য়েছেন।

---

## কান্দী মিউনিসিপ্যালিটি বাতিল

### মহকুমা ম্যাজিষ্ট্রেটকে পরিচালনভার প্রদান

পশ্চিম বঙ্গ সরকারের ১১ই জুন ১৯৫৯ তারিখে প্রদত্ত এক বিজ্ঞপ্তি বলে কান্দী মিউনিসিপ্যালিটি বাতিল হইয়াছে। উক্ত মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ও কমিশনারদের ক্ষমতা এবং কার্য্যাবলী এই বাতিলকালে কান্দীর মহকুমা শাসক কর্ত্তৃক তাঁহার স্বীয় কার্য্যের অতিরিক্ত হিসাবে নির্ব্বাচিত হইবে। সরকারী সিদ্ধান্তে বলা হইয়াছে যে, কান্দী মিউনিসিপ্যালিটির বর্ত্তমান কমিশনার পর্ষদের মধ্যে তীব্র দলাদলির ফলে মোট নয়জন কমিশনারের মধ্যে চারিজন পদত্যাগ করেন এবং উহার ফলে মিউনিসিপ্যাল কর্ম্মীদের শৃঙ্খলা ও নিষ্ঠা ব্যাহত হয় ও পৌর ব্যাপার নিয়ন্ত্রণহীন হইয়া পড়ে। বাস্তবিকপক্ষে কর আদায়ের জন্য কোন ব্যবস্থা গৃহীত হয় নাই, ত্রৈমাসিক ব্যালান্স সীট তৈয়ারী করা হয় নাই এবং বিধিমতে আবশ্যক লাইসেন্সসমূহের ত্রৈমাসিক বিবরণী রক্ষিত হয় নাই।

—প্রেসনোট

---

## কর্ত্তার অনুপস্থিতিতে গৃহকর্ত্রীকে প্রতারণা

গত ১১ই জুন দুপুরে দমদম রোডের এক বাড়ীর কর্ত্তার অনুপস্থিতিতে এক ব্যক্তি গৃহকর্ত্রীকে প্রতারণা করিতে গিয়া ধরা পড়িয়া যায়। তাহাকে পুলিস গ্রেপ্তার করে। ঘটনার বিবরণে প্রকাশ যে, একটি ভদ্রবেশী লোক দমদম রোডের ঐ বাড়ীতে গিয়া গৃহকর্ত্রীর হস্তে একখানি পত্র দিয়া জানান যে, তাঁহার স্বামীর হাত বিশেষভাবে জখম হইয়াছে এবং তিনি তাহার হাতে ৬৫৲ টাকা দিতে বলিয়াছেন। লোকটির কথাবার্ত্তায় গৃহকর্ত্রীর মনে সন্দেহ দেখা দেয় এবং তিনি তাঁহার কয়েকজন প্রতিবেশীকে খবর দেন। ইতিমধ্যে বেগতিক দেখিয়া লোকটি পলাইবার জন্য উস-খুস করিতে থাকে। কিন্তু স্থানীয় লোকজন তাহাকে ধরিয়া ফেলে। গৃহকর্ত্তাকে তাঁহার অফিসে টেলিফোনে খবর দেওয়া হইলে তিনি কিছুক্ষণের মধ্যে বাড়ীতে গিয়া উপস্থিত হন। তিনি জানান যে, এক ভদ্রমহিলা পূর্ব্বদিন টেলিফোনে তাঁহার এক আত্মীয়ের শুভকাজের জন্য নিমন্ত্রণ পত্র প্রেরণের নাম করিয়া তাঁহার ও তাঁহার স্ত্রীর নাম ধাম ঠিকানা জানিয়া লন। উক্ত প্রতারণার চেষ্টা এবং টেলিফোনে ঐরূপ নামধাম জানিয়া লওয়া মধ্যে একটা যোগসূত্র আছে বলিয়া মনে করা হইতেছে। ঐ সম্পর্কে কাশীপুরে পুলিস তদন্ত চালাইতেছে।

---

## চাউল বিক্রয়ের অব্যবস্থা

বাংলার চাউলের আড়তদারী বা মজুতদারী সম্পূর্ণ অবাঙ্গালী সম্প্রদায়ের কুক্ষিগত। বাঙ্গালী মুদি বা চাউল ব্যবসায়ী পাইকার মাত্র। চাউল মজুতদারের গুদামে মজুত। পাইকারকে মজুতদার ২৫।২৬ টাকা দরে চাউল বিক্রয় করিতেছেন কিন্তু রসিদ সরকারী-নিয়ন্ত্রণ মূল্য কাটিতেছেন এবং কাগজ পত্রে তাঁহাদের ধরিবার উপায় নাই, বা তাঁহারা নিরপরাধ। পাইকার মুদি ২৫।২৬ টাকায় খরিদ করিয়া ২০'৫০ সরকারী দরে বিক্রয় করিবে কি প্রকারে? পাইকার মুদি উচ্চ দরে চাউল বিক্রয় করার অপরাধে বিচারালয়ে অভিযুক্ত হইয়া প্রচুর হয়রানি ও ফাইন দিয়া আসিতেছেন।

---

## বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়

বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের কাজ আগাইয়া আসিতেছে। বর্দ্ধমানে বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে, আশান্বিত চিত্তে সহরবাসী উদগ্রীব। ঘরে থাকিয়া ডাল ভাত খাইয়া, মোটা কাপড় পড়িয়া বিশ্ববিদ্যালয়ের সর্ব্বোচ্চ ডিগ্রী অর্জ্জন করিবে ইহা অপেক্ষা সুখের কি থাকিতে পারে? বর্দ্ধমান রাজের ঐতিহ্যমণ্ডিত রাজপ্রাসাদ শিক্ষা সংস্কৃতির পীঠস্থানে পরিণত হইতে চলিয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই জুলাই ১৯৫৯

১৯৫৯ সালের ডিক্রীজারী

২৫ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মনোরঞ্জন দাস দাবি ১৩৮ টাকা ৯৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখুা জামুয়ার ৬৬ শতকের কাত পড়তামত ৩৲ আঃ ১০০৲ খং ৬৯৬

৩৩ খাং ডিঃ ব্যোমকেশ রায় দেং শ্রীমতী তারা দেবী দাবি ৮৬ টাকা ৭৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাজানগর জমি ২১ শতক বাড়ী ঘর ৩ খানা দালান ১ খানা আঃ ২০৲ রায়ত স্থিতিবান পূর্ব্বে ছিল জমিদারী স্বত্ব

৩৪ খাং ডিঃ মহীপাল বাহাদুর সিংহ দিং দেং সর্ব্বমঙ্গলা দেবী দিং দাবি ৩৫ টাকা ৯৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখুা জামুয়ার ৩-২৮ শতকের কাত ১৭৷৵৫ আঃ ৫০৲ খং ৬৪১ রায়ত স্থিতিবান

৩৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮১ টাকা ৯ নঃ পঃ মৌজাদি ঐ ১১-৫৪ শতকের কাত ৩৮৷৵০ আঃ ৫০৲ খং ৬৩৮ রায়ত মোকররী

৩৮ খাং ডিঃ ঐ দেং সুরেন্দ্রনারায়ণ দাস দাবি ২২ টাকা ৭ নঃ পঃ মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৭।৵০ আঃ ২৫৲ খং ৪৮১ রায়ত স্থিতিবান

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্নোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।